# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪৭২

৮/ সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৮১. ই‘তিকাফকারীর রোগী দেখতে যাওয়া

بَابُ الْمُعْتَكِفِ يَعُودُ الْمَرِيضَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ النُّفَيْلِيُّ، وَمُحَمَّدُ بْنُ عِيسَى، قَالَا: حَدَّثَنَا عَبْدُ السَّلَامِ بْنُ حَرْبٍ، أَخْبَرَنَا اللَّيْثُ بْنُ أَبِي سُلَيْمٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ قَالَ النُّفَيْلِيُّ ـ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمُرُّ بِالْمَرِيضِ، وَهُوَ مُعْتَكِفٌ، فَيَمُرُّ كَمَا هُوَ، وَلَا يُعَرِّجُ يَسْأَلُ عَنْهُ، وَقَالَ ابْنُ عِيسَى: قَالَتْ: إِنْ كَانَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُ الْمَرِيضَ وَهُوَ مُعْتَكِفٌ

ضعيف // المشكاة (٢١٠٥)

বাংলা

২৪৭২। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ই’তিকাফরত অবস্থায় রোগীর কাছে যেতেন এবং তাকে দেখেই চলে যেতেন, সেখানে (অবস্থান করে) তাকে কিছু জিজ্ঞেস করতেন না। ইবনু ঈসা (রহ.)-এর বর্ণনায় রয়েছেঃ ’আয়িশাহ্ (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ই’তিকাফ অবস্থায় রোগী দেখতে যেতেন।[1]

দুর্বলঃ মিশকাত (২১০৫)।

## English

According to the version of Al Nufaili, A’ishah said “The Prophet (ﷺ) used to pass by a patient while he was observing I’tikaf(in the mosque) but he passed as usual and did not stay asking about him.”

According to the version of Ibn Isa she said “The Prophet (ﷺ) would visit a patient while he was observing I’tikaf.”

## ফুটনোট

[1]. বায়হাক্বী। সনদে লাইস বিন আবূ সুলাইম রয়েছে। তিনি শেষ বয়সে হাদীসে সংমিশ্রণ করতেন। তার হাদীসগুলো পৃথক করা যায়নি। সুতরাং তাকে বর্জন করা হয়েছে। আল্লামা মুনযিরী বলেন : তিনি সমালোচিত। হাফিয আত-তালখীস গ্রন্থে বলেন: তিনি যঈফ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=59840

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন